

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নং এস, আর, ও নং ৩৬০-আইন/২০১৬।—যেহেতু Explosives Act, 1884 (IV of 1884),
অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাস সিলিন্ডার
বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিবার লক্ষ্যে প্রস্তাবিত সংশোধনীসমূহ উক্ত Act এর
section 18 এর বিধান মোতাবেক সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ৭ মার্চ, ২০১৬ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও
নং ৫০-আইন/২০১৬ এর মাধ্যমে প্রাক-প্রকাশ করিয়াছিল; এবং

যেহেতু উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত সময়সীমার মধ্যে প্রস্তাবিত সংশোধনী সম্পর্কে কাহারো নিকট হইতে
কোন পরামর্শ বা আপত্তি পাওয়া যায় নাই;

সেহেতু সরকার উক্ত Act এর section 18 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে গ্যাস সিলিন্ডার
বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর—

(ক) বিদ্যমান বিধান বিধি (১) সংখ্যায়িত হইবে এবং উক্তরূপ সংখ্যায়িত বিধি এর “কোন খালি
সিলিন্ডার” শব্দগুলির পর “এবং উহার ভালুভ” শব্দগুলি সংযোগিত হইবে; এবং

(১৮০২৭)
মূল্য : টাকা ৮.০০

(খ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) ও (৩) সংযোজিত হইবে, যথা:—

“(২) নিরপেক্ষ পরিদর্শনকারী হিসাবে ১০,০০০ (দশ হাজার) টাকা ফি প্রদান করিয়া তালিকাভুক্তির জন্য আবেদন করিতে হইবে।

(৩) সিলিঙ্গার ভাল্ভ এর আমদানির অনুমতি লাভের জন্য প্রথম ১০০ (একশত) টির জন্য ৩০০ (তিনিশত) টাকা হারে এবং পরবর্তী ১০০ (একশত) টি বা উহার অংশ বিশেষের জন্য ১০০ (একশত) টাকা হারে ফি প্রদান করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার
অতিরিক্ত সচিব।